

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯০.২৭.০০২.১৩-২১৯(৩)

তারিখঃ ১৫/০৩/২০১৭ খ্রিঃ

বিষয় : ময়মনসিংহ জেলাধীন সদর উপজেলার শহীদ জিয়াউর রহমান বি.এম কলেজের শিক্ষক-কর্মচারীদের ফেব্রুয়ারি/১৩-জানুয়ারি/১৪ এবং জুন/১৪ থেকে মার্চ/১৬খ্রিঃ মাসের বকেয়া বেতন ভাতাদির সরকারী অংশ প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে তার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলাধীন সদর উপজেলার শহীদ জিয়াউর রহমান টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের শিক্ষক-কর্মচারীদের ফেব্রুয়ারি/১৩ থেকে জানুয়ারি/১৪ এবং জুন/১৪ থেকে মার্চ/১৬খ্রিঃ মাসের বকেয়া বেতন ভাতাদির সরকারী অংশ প্রাপ্তির জন্য মহামান্য হাইকোর্টে রিট (০৩/২০১৭) পিটিশন দাখিল করেন। মহামান্য আদালত এক মাসের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করার জন্য আদেশ প্রদান করেন।

২। কারিগরি শিক্ষা অধিদপ্তরের এমপিও প্রদান সংক্রান্ত দলিল পত্রাদি যাচাই করে দেখা যায়, উক্ত প্রতিষ্ঠানের এইচএসসি(বিএম) শাখায় নিয়োজিত ইনডেপেন্ডেন্ট এমপিও ভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতার সরকারি অংশ উল্লিখিত মাসসমূহে কখনও বন্ধ বা স্থগিত করা হয়নি। প্রতিমাসে নিয়মিতভাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যাংকের শাখায় যথাযথ প্রক্রিয়ার অনুসরণ করে বেতন ভাতাদির সরকারি অংশের জন্য এমপিও শীট প্রদান করা হচ্ছে।

৩। প্রতিষ্ঠানসমূহে শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা প্রদানে কোন সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট ব্যাংক অত্র দপ্তরকে তাৎক্ষণিকভাবে অবহিত করেন। উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান না করা সংক্রান্ত সংশ্লিষ্ট ব্যাংক হতে কোন তথ্য পাওয়া যায়নি।

৪। জনবল কাঠামো ২০১০ (মার্চ/২০১৩ পর্যন্ত সংশোধিত) ১৮(৬) ধারায় প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার বা অন্য কোন কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে মর্মে উল্লেখ রয়েছে।

৫। এমতাবস্থায়, উক্ত প্রতিষ্ঠানের এইচএসসি(বিএম) শাখায় নিয়োজিত এমপিও ভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতার সরকারি অংশ নিয়মিতভাবে সংশ্লিষ্ট ব্যাংকে প্রেরণ করা সত্ত্বেও কি কারণে তা উত্তোলন করতে পারেননি তা যাচাই করা প্রয়োজন। এ সংক্রান্ত বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা ও নিম্নবর্ণিত প্রমাণাদিসহ আগামী ২২/০৩/১৭খ্রিঃ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় অত্র দপ্তরে উপস্থিত থাকার জন্য তাকে অনুরোধ করা হল।

- ইনডেপেন্ডেন্ট শিক্ষক-কর্মচারীদের পদবী ভিত্তিক তালিকা।
- শিক্ষক-কর্মচারীর বেতন বিলের কপি(ফেব্রুয়ারি/১৩ থেকে মার্চ/১৬ পর্যন্ত)।
- প্রতিষ্ঠানের নিয়মিত ম্যানেজিং কমিটির প্রমাণক।
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্পেশলাইজেশনের এ্যাফিলিয়েশনের প্রমাণক, হালনাগাদ স্বীকৃতি নবায়নের প্রমাণক পত্র।
- গত ৩(তিন) বৎসরের ছাত্র/ছাত্রীর ভর্তির পরিসংখ্যান।
- বিগত ৩(তিন) বছরের ছাত্র-ছাত্রীদের বোর্ড সমাপনী পরীক্ষার ফলাফল।
- বিগত ৩(তিন) বৎসরের আয়-ব্যয়ের বিবরণী।
- সর্বশেষ ম্যানেজিং কমিটির সভার রেজুলেশন (মূল বই সহ)।
- শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনের ব্যাংক হিসাব বিবরণী।
- শিক্ষক-কর্মচারীদের হাজিরা খাতা।
- মন্ত্রণালয় কর্তৃক স্তর ভিত্তিক অনুমোদনের প্রমাণক (জিও)।

১। সভাপতি

শহীদ জিয়াউর রহমান টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।


২। অধ্যক্ষ

শহীদ জিয়াউর রহমান টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৩। জনাব তাহমিনা আহমেদ, প্রভাষক(ব্যবস্থাপনা) ও সংশ্লিষ্ট শিক্ষক
শহীদ জিয়াউর রহমান টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

অনুলিপি :

- ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


১৫.৩.১৭
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব
ও
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।